

এই ক্ষুদ্র পুস্তিকাটি সৃষ্টি করা হয়েছে আপনাদের
স্কুল কমিউনিটি কাউন্সিলগুলির
তথ্যপ্রদান করার লক্ষ্যে

দুরহাম ডিস্ট্রিক্ট স্কুলের
বোর্ড আপনাদের উৎসাহিত করে
স্কুল কমিউনিটি কাউন্সিলে
একজন সদস্য হিসেবে
যোগদান করতে।

শিক্ষার্থীদের জ্ঞানার্জন প্রক্রিয়া উন্নত
করার লক্ষ্যে একসাথে কাজ করায়
আপনাদের অংশীদারিত্ব অপরিহার্য।

পিতামাতাদের অন্তর্ভুক্তি
কমিটি-টা কি ?

পিতামাতাদের অন্তর্ভুক্তি কমিটি হচ্ছে একটি
আঞ্চলিক কমিটি যেটি SCC-গুলিকে
সমর্থন করে সাহায্যের উপায় ও
পেশাদারী ত্রমবিকাশের সাহায্য দিয়ে।
এই কমিটি স্থাপন করা হয়
দুরহাম ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড,
ট্রাস্টীবৃন্দ, কমিউনিটির সদস্যবৃন্দ,
স্কুল ও বোর্ডের কর্মচারী সমন্বয়ে।

আপনার স্কুল কমিউনিটি কাউন্সিলে
একজন সদস্য হওয়ার জন্য কি
চিন্তা করেছেন ?

বিস্তারিত তথ্যের জন্য, আপনাদের
স্কুলের প্রিন্সিপালের সাথে অথবা
SCC'র শিক্ষা সুপারিটেঞ্জেটের
সাথে টেলিফোনে যোগাযোগ করুন
(৯০৫) ৬৬৬-৫৫০০ নাম্বারে।

পিতামাতার জন্য উপায়ের ওয়েবসাইট :

www.durham.edu.on.ca

(প্রথমে Parent Resources ক্লিক করুন ও তারপর
School Community Councils)

www.edu.gov.on.ca

www.edu.gov.on.ca/abc123

www.eqao.com

www.ontarioparentcouncil.org



দুরহাম ডিস্ট্রিক্ট বোর্ডের
পেরেন্ট ইনভলভমেন্ট কমিটিকে
ধন্যবাদ

School Community Councils
— Parents Supporting School Success —



আপনার সন্তানের
স্কুলে বিজড়িত হওয়ার
একটি প্রধান উপায়

স্কুল কমিউনিটি কাউন্সিল সম্বন্ধে আপনার
যে প্রশ্নগুলি থাকতে পারে

স্কুল কমিউনিটি কাউন্সিলটি কি ?

স্কুল কমিউনিটি কাউন্সিল (SCC) হচ্ছে কৌতুহলি পিতামাতা,
স্কুলের কর্মচারী এবং কমিউনিটির সদস্যবৃন্দ সমন্বয়ে একটি
গ্রুপ যাঁরা প্রিন্সিপ্যালের সাথে কাজ করতে থাকেন স্কুলের
শিক্ষার্থীদের পৃষ্ঠপোষকতার মাধ্যমে।

একটি SCC কি করে ?

শিক্ষার্থীদের সাফল্য অর্জন করার লক্ষ্যে SCC স্কুলের
প্রিন্সিপ্যালকে সাহায্য ক'রে থাকে স্কুল সংক্রান্ত সকল বিষয়ে।
স্কুলের বিশেষধরনের বিষয়সমূহ নিয়ে SCC পিতামাতাদের
সাথে যোগাযোগ বজায় রাখে (যেমন, স্বাস্থ্যকর স্ন্যাস্কস
প্রোগ্রাম)

আমার স্কুলে কি একটি SCC আছে ?

হ্যাঁ, অর্টারিওতে জনগণের অর্থায়নে পরিচালিত প্রতিটি স্কুলে
একটি ক'রে SCC আছে।

কতদিনের ব্যবধানে SCC সমাবেশ ক'রে থাকে?

প্রত্যেক স্কুল বৎসরে SCC অন্ততঃপক্ষে চার বার সমাবেশ করে,
কিন্তু অনেক ক্ষেত্রে আরো ঘন ঘন সমাবেশ করা হয়।

আমি কি আমার SCC মিটিংয়ে যেতে পারি ?

হ্যাঁ, সব সমাবেশগুলি জনগণের জন্য প্রবেশগম্য, কিন্তু ভোট
দেয়ার ক্ষেত্রে আপনাকে অবশ্যই SCC'র সদস্য হতে হবে।
পরবর্তী মিটিংয়ের তারিখ জানার জন্য আপনাদের প্রিন্সিপ্যালকে
টেলিফোন করবেন।

আমার SCC-তে কিভাবে আমি সদস্য হতে পারি ?

একটি নমিনেশন ফর্ম পূরণ করবেন, এবং স্কুল বৎসর শুরু হওয়ার
সময় সেটি প্রিন্সিপ্যালের নিকট পাঠিয়ে দেবেন। পেরেন্ট সদস্য
নির্বাচন, প্রয়োজন হলে, স্কুলবছরের প্রথম মাসে অনুষ্ঠিত হবে।



আমি একজন SCC সদস্য হওয়ার পর আমাকে কি
করতে হবে ?

বৎসরব্যাপী যে SCC মিটিংগুলি করা হবে সেগুলোতে আপনি
হাজির হবেন এবং SCC যেসকল বিষয়ে সিদ্ধান্ত নেবে সেই
প্রক্রিয়ায় আপনি যোগ দেবেন। এছাড়াও, অনেক SCC আছে
যারা স্কুলের সমর্থনে ও SCC'র কোনো কাজে ফাওরেজিংও
ক'রে থাকে।

আমার সন্তানের স্কুলের SCC-তে যোগ দিয়ে আমি
কি করতে পারি ?

স্কুলে কি হচ্ছে সে-সম্বন্ধে SCC'র সদস্যগণ বিজড়িত থাকতে
পারেন। বিভিন্ন বিষয়ে প্রিন্সিপ্যালকে পরামর্শ দেয়ার ক্ষেত্রে
সদস্যদের অধিকার আছে। SCC'র সাথে প্রিন্সিপ্যালের চলমান
যোগাযোগ থাকে।

স্কুলগুলিতে SCC কি কোনো প্রভাব ফেলতে পারে ?

SCC এইধরনের প্রোগ্রাম সংগঠিত ও প্রতিপাদন করেছে :

- পারিবারিক শিক্ষা ও গণিতসংক্রান্ত রাত্রি
- বাড়িতে লেখাপড়া করার প্রোগ্রাম
- প্রাতরাশ ও স্বাস্থ্যকর স্ন্যাক প্রোগ্রাম
- ফাওরেজিং পরিকল্পনা

প্রিন্সিপ্যাল ও বোর্ডকে SCC বিভিন্ন বিষয়ে পরামর্শ দিতে পারে
যার মধ্যে পড়ে :

- শিক্ষার্থীদের অবদান
- শিক্ষার্থীদের আচরণের নিয়মাবলী
- বোর্ড পলিসিতে যেগুলি শিক্ষার্থীদের প্রভাবান্বিত
করে (যেমন, খেলার মাঠের প্রয়োজনীয় জিনিসপত্র)
- ফাওরেজিং করার অর্থ খরচ করার ব্যাপারে

